



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপমহাপরিদর্শকের কার্যালয়
নবাব সলিমুল্লাহ রোড, বাগে জান্নাত মসজিদ সংলগ্ন
চাষাড়া, নারায়ণগঞ্জ।
mole.narayanganj.gov.bd



নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ
সমৃদ্ধ হবে বাংলাদেশ

শেখ রাসেল দিবস দিবস ২০২২ খ্রি. পালন উপলক্ষ্যে আয়োজিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	:	ডা. রাজীব চন্দ্র দাস উপমহাপরিদর্শক, নারায়ণগঞ্জ।
সভার তারিখ	:	১৭ অক্টোবর ২০২২ খ্রি:
সভার সময়	:	বেলা ২.০০ ঘটিকায়
সভার স্থান	:	সভাকক্ষ, উপমহাপরিদর্শকের কার্যালয়, নারায়ণগঞ্জ।
সভায় উপস্থিতি	:	সকল কর্মকর্তা ও কর্মচারী

সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৯তম জন্মদিন ও 'শেখ রাসেল দিবস' ২০২২ যথাযোগ্য মর্যাদায় পালনে প্রস্তুতিমূলক কার্যক্রম সংক্রান্ত বিষয়সমূহে বিস্তারিত আলোকপাত করেন।


সভাপতি সকলকে অবহিত করেন যে, সরকার ১৮ অক্টোবর তারিখকে “শেখ রাসেল দিবস” ক শ্রেণিভুক্ত হিসেবে ঘোষণা করেছে। “শেখ রাসেল, নির্মলতার প্রতীক, দূরন্ত প্রাণবন্ত নির্ভীক” এ প্রতিপাদ্যকে উপজীব্য করে এ বছর দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত “শেখ রাসেল দিবস উদযাপন নীতিমালা ২০২২” এবং “তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর নির্দেশনার আলোকে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক কর্মসূচী গ্রহণ করা হয়েছে মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মসূচীর আলোকে শ্রম অধিদপ্তর প্রধান কার্যালয় এবং শ্রম অধিদপ্তরস্বাধীন দপ্তর সমূহে ১৮ অক্টোবর তারিখে “শেখ রাসেল দিবস” হিসেবে যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য নির্দেশনা রয়েছে।

সভায় শেখ রাসেল দিবস ২০২২ খ্রি. যথাযোগ্য মর্যাদায় পালনের ক্ষেত্রে জাতীয় কর্মসূচী ও জেলা প্রশাসন, নারায়ণগঞ্জ কর্তৃক গৃহীত কর্মসূচীর উপর গুরুত্ব প্রদান করা হয়। দিবসটির গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরতে মন্ত্রণালয় ও প্রধান কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী যথাযথ স্বাস্থ্যবিধি প্রতিপালনপূর্বক কর্মকর্তা/কর্মচারী নিয়ে আলোচনা অনুষ্ঠান ও দোয়া মাহফিল আয়োজন এবং শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ ও জেলা প্রশাসনের অন্যান্য কর্মসূচীতে সম্পৃক্ত থাকার বিষয়ে সকলে একমত পোষণ করেন।

সভায় বিস্তারিত আলোচনার পর ১৮/১০/২০২২ খ্রি: তারিখে শেখ রাসেল এর ৫৯ তম জন্মদিন উপলক্ষ্যে সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নোক্ত কর্মসূচী গ্রহন করা হয়ঃ

ক্রমিক নং	কর্মসূচী	তারিখ ও সময়	আয়োজন
১.	শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।	সকাল ০৯.০০ ঘটিকায়	জেলা প্রশাসক কার্যালয়, নারায়ণগঞ্জ কর্তৃক স্থাপিত শেখ রাসেল এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন।
২.	বর্ণাঢ্য র্যালি	সকাল ০৯.১০ ঘটিকায়	জেলা প্রশাসক কার্যালয়, নারায়ণগঞ্জ আয়োজিত বর্ণাঢ্য র্যালিতে অংশগ্রহন।
৩.	শেখ রাসেল দিবসের উদ্বোধন ও শেখ রাসেল পদক প্রদান অনুষ্ঠানে ভার্চুয়াল অংশগ্রহন	সকাল ১০.০০ ঘটিকায়	সকাল ১০টায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের (বিআইসিসি) হল অব ফেম-এ শেখ রাসেল দিবসের উদ্বোধন ও শেখ রাসেল পদক প্রদান অনুষ্ঠানে ভার্চুয়াল অংশগ্রহন।
৪.	শেখ রাসেল দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিল	সকাল ১১.৩০ ঘটিকায়	উপমহাপরিদর্শকের কার্যালয় কর্তৃক শেখ রাসেল দিবস উপলক্ষ্যে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন।
৫.	কেক কেটে শেখ রাসেলের ৫৯তম জন্মদিন উৎযাপন	দুপুর ১২.৩০ ঘটিকায়	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের ৫৯তম জন্মদিন ও 'শেখ রাসেল দিবস' কেক কেটে উৎযাপন।
৬.	সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহন	সন্ধ্যা ৬.০০ ঘটিকায়	শিল্পকলা একাডেমি, নারায়ণগঞ্জ কর্তৃক আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহন।
৭.	প্রচার ও প্রদর্শনী	দিনব্যাপী	জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শেখ রাসেলের বিভিন্ন তথ্যচিত্র প্রদর্শনী এবং ব্যানার, ফেস্টুনের মাধ্যমে প্রচারণা। এছাড়াও বর্তমান সরকারের উন্নয়নমূলক কর্মকাণ্ডের স্থিরচিত্র প্রদর্শণ।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 ১৭/১০/২০২২
 ডা. রাজীব চন্দ্র দাস
 উপমহাপরিদর্শক (চলতি দায়িত্ব)
 মোবাইলঃ ০১৭১৬৪৭৪৭৮০
 ইমেইল-dig.jamalpur@gmail.com


স্মারক নং-৪০.০১.৬৭০০.১০১.২৩.০০২.২২.০৯

তারিখঃ ০১ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০২২ খ্রিঃ

বিতরণঃ

১। মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

২। সকল কর্মকর্তা ও কর্মচারী, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, নারায়ণগঞ্জ।


 ১৭/১০/২০২২
 ডা. রাজীব চন্দ্র দাস
 উপমহাপরিদর্শক (চলতি দায়িত্ব)